

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	১১/১০/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ৯:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তের আলোকে গৃহিত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

ক্রমিক নং	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সেপ্টেম্বর ২০২২ খ্রি. মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা বিগত ০৫/০৯/২০২২ খ্রি. তারিখ সম্পন্ন করা হয়েছে।
২.	শুদ্ধাচার সংক্রান্ত ১ম প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০২২ খ্রি. মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।	শুদ্ধাচার সংক্রান্ত ১ম প্রশিক্ষণ ০৫/০৯/২০২২ খ্রি. তারিখ সম্পন্ন করা হয়েছে।
৩.	২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ৩১-০৭-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনুমোদন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	২০২২-২০২৩ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১-০৭-২০২২ খ্রি. তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
৪.	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবা রবিবরণ ও কমপক্ষে ০৫ জন সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ হালনাগাদ রাখতে হবে।	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় ১৬ জন সেবার মধ্যে ১৫ জন সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করে হালনাগাদ করা হয়েছে।
৫.	জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনীসহ মৎস্য চাষে ব্যবহৃত উপকরণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।	জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসে উপজেলা পর্যায়ে ৪টি প্রদর্শনী কার্যক্রম মনিটরিং করা হয়েছে।
৬.	উপজেলা পর্যায়ে পোনা অবমুক্তকরণ ও বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং করতে হবে।	জুলাই-সেপ্টেম্বর ২০২২ মাসে উপজেলা পর্যায়ে মোট ৬ টি পোনা অবমুক্তকরণ কার্যক্রম ও ১টি বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং করা হয়েছে।
৭.	সকল কর্মকর্তা/ কর্মচারীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং হাজিরা খাতা যাচাই করতে হবে।	সকল কর্মকর্তা/ কর্মচারীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে এবং ২৯/০৯/২০২২ খ্রি. তারিখ হাজিরা খাতা যাচাই করা হয়েছে।

সভার আলোচ্যসূচি ও সিদ্ধান্তঃ

সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২২) বাস্তবায়িতব্য সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১টি সভা, প্রশিক্ষণ, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও কমপক্ষে ৫% সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনীসহ মৎস্য চাষে ব্যবহৃত উপকরণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিং, কর্মকর্তা/ কর্মচারীর নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণঃ হাজিরা খাতা যাচাই এর বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও, কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল

বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) কার্যক্রমের আওতায় ২টি কার্যক্রম (৩০.১২.২০২২ ও ১৫.০৬.২০২২) ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়নের সিদ্ধান্ত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তঃ

১. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা ২য় ত্রৈমাসিকের নভেম্বর ২০২২ মাসের মধ্যে আহ্বান করতে হবে।
২. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও কমপক্ষে ৫% সেবাগ্রহীতার মতামত সংরক্ষণকরতঃ রেজিস্টার হালনাগাদ রাখতে হবে।
৩. কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) কার্যক্রমের আওতায় ২য় ত্রৈমাসিকে অর্থাৎ ৩০.১২.২০২২ তারিখের মধ্যে “মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থাকরণ” কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৪. জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনীসহ মৎস্য চাষে ব্যবহৃত উপকরণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।
৫. সকল কর্মকর্তা/ কর্মচারীর অফিসে নিয়মিত উপস্থিতি থাকতে হবে এবং হাজিরা খাতা যাচাই করতে হবে।
৬. সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রতি ত্রৈমাসিকের শেষে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.৫৭.০০২.২২.১৯৯

তারিখ: ২ কার্তিক ১৪২৯

১৮ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব.....

ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা